আলো আসবেই গ্রুপের সদস্য অভিনেত্রী জ্যোতিকা জ্যোতি আটক



অভিনেত্রী জ্যোতিকা জ্যোতি। ছবি: সংগৃহীত

রাজধানীর তুরাগ এলাকা থেকে অভিনেত্রী জ্যোতিকা জ্যোতিকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর আলোচনায় আসা 'আলো আসবেই' হোয়াটসঅ্যাপ গ্রুপের সদস্য ছিলেন তিনি।

বুধবার (১৮ নভেম্বর) দিবাগত রাত পৌনে ৩টার দিকে উত্তরা ১৮ নম্বর সেক্টরের একটি সরকারি আবাসিক কোয়ার্টার থেকে তাঁকে আটক করা হয়।

ডিবির উত্তরা বিভাগের ভারপ্রাপ্ত উপকমিশনার (ডিসি) ইলিয়াস কবির আটকের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, আটকের পর জ্যোতিকা জ্যোতিকে ডিবি কার্যালয়ে নেওয়া হয়েছে। তবে কোন অভিযোগে বা কোন মামলায় তাঁকে আটক করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত জানাননি তিনি।

২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর 'আলো আসবেই' নামের একটি হোয়াটসঅ্যাপ গ্রুপের কথোপকথন নিয়ে বিতর্ক তৈরি হয়। ওই বছরের সেপ্টেম্বরে গ্রুপটির কিছু কথোপকথনের স্ক্রিনশট সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এতে কয়েকজন অভিনয়শিল্পী, সাংবাদিক ও সাংস্কৃতিক অঙ্গনের ব্যক্তির আলোচনায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও আন্দোলনকারীদের নিয়ে নেতিবাচক মন্তব্য উঠে আসে। কিছু কথোপকথনে আন্দোলনকারীদের বিরুদ্ধে দমন-পীড়নের আহ্বানও দেখা যায়। এরপর গ্রুপের সদস্যদের নিয়ে সমালোচনা শুরু হয়। ওই গ্রুপে জ্যোতিকা জ্যোতির নামও ছিল।

এ নিয়ে সমালোচনার মধ্যে ফেসবুক লাইভে নিজের অবস্থান তুলে ধরেন অভিনেত্রী। তিনি বলেন, গ্রুপটির উদ্দেশ্য দেশ বা মানুষের ক্ষতি করা ছিল না। আন্দোলনের সময় ঢাকার পরিস্থিতি নিয়ে সেখানে বিভিন্ন তথ্য ও হালনাগাদ খবর দিতেন তিনি। কোনো শিল্পী মানুষ হত্যার সমর্থন করতে পারেন না বলেও দাবি করেন জ্যোতি।

এদিকে, নিজের একটি ভিডিওতে ছাত্রলীগের রাজনীতির সঙ্গে যুক্ত থাকার কথা জানিয়েছিলেন জ্যোতিকা জ্যোতি। ২০১৯ সাল থেকে তিনি আওয়ামী লীগের বন ও পরিবেশবিষয়ক উপকমিটিতেও রয়েছেন।